

Subject Bengali

2nd language

Worksheet

Class-2

কবিতা

সকাল হলে।

কবি

রবীন্দ্রনাথ ঠাকুর।

কবিতার সারসংক্ষেপ: বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর সকাল হলে কবিতাটির মধ্যে দিয়ে কবির শহরে যাওয়ার ইচ্ছা এবং সেখানে গিয়ে কি কি হচ্ছে তা দেখবার ইচ্ছা কল্পনা করেছেন। মনে জাগে শহরের শ্রমিকদের সাথে তিনি নিজেকে কল্পনা করে নিয়েছেন এই কবিতার মধ্যে দিয়ে এবং তিনি এই কবিতার মধ্যে দিয়ে বলতে চেয়েছেন কিভাবে শহরের দিকে তিনি সকালবেলা তমিজ মিঞ্জার গরুর গাড়ি করে যান এবং সেখান থেকে গিয়ে দেখেন সকাল থেকে সারা দুপুর ইট সাজিয়ে ইটের উপর কিভাবে ইচ্ছামত দেওয়াল গড়ে তুলে বাড়ি উঠছে। বড় বড় বাড়ি উঠছে। শহরে বড় বড় ছাদ কিভাবে তৈরি হচ্ছে। এবং তখন তারা গান গেয়ে যাচ্ছে যাতে তাদের ছাদ তৈরি করতে সুবিধা হয়। এরপর তিনি উপরের বাড়িগুলোর ছাদ

দিয়ে নিচের গাড়ি ঘোড়াগুলোকে চলতে দেখছেন এ যেন এক অবাক কান্ড। কবি দেখছেন কিভাবে বাসনা বিক্রি করে যারা তারা নীচে বাজনা বাজিয়ে হাঁক দিয়ে বাসন বিক্রি করছে। ফল বিক্রি করে যে সে ফলের ঝোড়া নিয়ে হাঁটতে হাঁটতে ডাকতে ডাকতে যাচ্ছেন। এরপর ছেলেরা স্কুল থেকে ছুটি হলে, সাড়ে চারটের সময় বাড়ি ফেরার পথে হো হো করে ধুলো উড়িয়ে বাড়ি ফিরছে। তারপর যখন রোদুর পরে আসছে সেই সময় কাকগুলো বাড়িতে ফিরছে অর্থাৎ তাদের গাছের বাসায় ফিরে যাচ্ছে। কবি তখন দিনের শেষে বাড়ি বানানোর জন্য যে বড় বড় বাঁশ দিয়ে সিঁড়ি তৈরি করা হয় তাকে ভারী বলা হয়। সেই ভারী দিয়ে তিনি নিচে নেমে এসে শ্রমিকদের সাথে আপন অর্থাৎ নিজের গ্রামে ফিরে যাচ্ছেন। নিজের বাড়িতে যেখানে খুঁটি গাড়া আছে অর্থাৎ খুঁটি পোঁতা আছে পুকুর পাড়ের গাজন গাছ তলার বামের দিকে সেদিকে তাঁর বাড়ি। এই কবিতায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তার ছোট মনের কল্পনা করে সুন্দর কবিতা সৃষ্টি করেছেন।

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) ইট সাজিয়ে ইটের উপর কি করা হয়?

খ) ছাদ পিটোয় কি ভাবে ?

গ) কোথা থেকে দেখে মনে হচ্ছে 'অনেক নিচে চলছে গাড়ি ঘোড়া' ?

ঘ) কে থালা বাজায়? কোথায়?

ঙ) কে সুর করে হাঁক দিয়ে যায়?

চ) বিকেল সাড়ে চারটের সময় কি হয়?

ছ) সকাল হলে কবিতাটির কবির নাম লেখ।

২) নিচের কথাগুলোর অর্থ বা মানে লেখ।

খেয়াল

হাঁক

বাসা

রোদুর

পুবের

ভারা

আপন

গাঁয়ে

বায়ে

৩) ফাঁকা জায়গায় ঠিক কথাটি বসাও।

জানো নাকি আমার_____ ।

যেখানে ঐ খুঁটি_____।

_____গাজন- তলার _____।

বাড়ির কাজ:

সকাল হলে কবিতাটি মুখস্ত করো ।
